দৈনিক ইত্তেফাক

৩

তারিখ 04 OCT 1989
পৃষ্ঠা ৩ কলাম ৩

## পথকলি-৩ বিদ্যালয়ের নির্মাণ কাজ সমাপ্তির পথে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গত সোমবার যাত্রাবাড়ীতে নির্মাণাধীন পথকলি-৩ বিদ্যালয়ের নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন। পরিদর্শনকালে মন্ত্রীকে জানানো হয় যে, স্কুলের নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। মন্ত্রী যত তাড়াতাড়ি সম্ভব এ-স্কুলে ক্লাশ শুরু করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পথকলি

(১০ম পৃঃ দ্রঃ)

### পথকলি-৩ বিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

ট্রাস্টের সচিবকে নির্দেশ দেন। উল্লেখ্য, প্রেসিডেন্ট এরশাদের নির্দেশে ঢাকা পৌর কর্পোরেশন এই বিদ্যালয় নির্মাণ করিতেছে এবং এ-স্কুলের নির্মাণ কাজের ব্যয় নির্বাহের জন্য যোগাযোগ মন্ত্রী আনোয়ার হোসেন তাহার ব্যক্তিগত তহবিল হইতে ১০ লক্ষ টাকা দান করিয়াছেন। —তথ্যবিবরণী